দামুড়হুদায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় চেক বিতরণ

দামুড়হুদা উপজেলার ২০২০-২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় কিস্তির নির্বাচনী এলাকা ভিত্তিক প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থের চেক বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে, গতকাল বুধবার বেলা ১১ টার সময় উপজেলা প্রশাসন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনার আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় প্রধান অতিথি গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর-২ পর্যায় উন্নয়ন) কর্মসূচির আওতায় নির্বাচনী ভিত্তিক নন-সোলার খাতে উপজেলার বিভাজনকৃত প্রায় ২৭ লক্ষ্য টাকার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের সকল কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের হাতে এ অর্থ তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ আলী, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভূট্টু, জুরানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ্ এনামুল কবির ইনু, নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন, পারকেষ্টপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাকারিয়া আলম, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নিজাম উদ্দিন (ভারপ্রাপ্ত)।

টিআর প্রকল্পের আওতায় উপজেলার হোগলডাঙ্গা গ্রামের নতুন ঈদগাঁ নির্মাণ, পোতারপাড়া কবরস্থান উন্নয়ন, নতিপোতা মাঝপাড়া মসজিদ

উন্নয়ন, দুলালনগর পূর্বপাড়া মসজিদ উন্নয়ন, দুলাল নগর কবরস্থান উন্নয়ন, দুলালনগর খাঁ পাড়া মসজিদ উন্নয়ন, দক্ষিণ চাঁদপুর ঈদগাঁহের প্রাচীন উন্নয়ন, জয়নগর কবরস্থান উন্নয়ন, পরানপুর কবরস্থান উন্নয়ন, কেরুজ দারোয়ান লিান মসজিদ উন্নয়ন, দামুড়হুদা খাঁ পাড়া জামে মসজিদ উন্নয়ন, পুরাতন হাউলি বসতি পাড়া জামে মসজিদ উন্নয়ন, চারুলিয়া বিদ্যালয়ের শহিদ মিনার নির্মাণ, জগন্নাথপুর খ্রিস্টান কবরস্থান উন্নয়ন, চারুলিয়া শেখ পাড়া জামে মসজিদ উন্নয়ন, চারুলিয়া নয়নার চারা জামে মসজিদ উন্নয়ন, চারুলিয়া মাঠপাড়া জামে মসজিদ উন্নয়ন, চারুলিয়া নাটুদহ জামে মসজিদ উন্নয়ন, ঠাকুরপুর আল হেলালা হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন, বুইচিতলা হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন, জয়রামপুর চায়ের দোকান দারুস সালাম মাদ্রাসা উন্নয়ন, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ উন্নয়ন, কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজ উন্নয়ন, ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদ উন্নয়ন, আমডাঙ্গা জামে মসজিদ উন্নয়ন, পারকৃষ্টপুর ঈদগাঁ ময়দান উন্নয়ন, বড়বলদিয়া শেখ পাড়া মসজিদ উন্নয়ন, মদনা হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন, করিমপুর তালিমুল কুরআন মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোডিং উন্নয়ন, মুক্তারপুর পুরাতন জামে মসজিদ উন্নয়ন, দামুড়হুদা উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন, ডিসি ইকো পার্ক উন্নয়ন, উপজেলার ভিতরের মাধ্যমিক শিক্ষা অফিসের সামনে সাইকেল ষ্ট্যান্ড নির্মাণ, ছুটিপুর ও পোতারপাড়া গ্রামের রাস্তা মেরামতের প্রকল্প বাস্তবায়নের জন্য মোট ২৬ লক্ষ্য ৫৭ হাজার ৬৬৬ টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

দামুড়হুদায় ক্ষুদ্র নৃ- গোষ্ঠীদের গৃহ নির্মাণ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদায় সরকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাাঝে দেওয়া ঘরের গৃহ নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে। এখন গৃহ হস্তান্তরের মহেন্দ্রক্ষণের প্রতীক্ষায়।
জানা গেছে, গতকাল বুধবার বেলা ১ টার দিকে দামুড়হুদা উপজেলার

চাহনীতে থাকতো ক্ষোভ, অপ্রাপ্তির আক্ষেপ আর ধিক্কার। বুঝতে কষ্ট হতো ওদের চোখের ভাষা।

কিন্তুু এখন গেলে মনে হয় ওরা যেন আমার আত্নার আত্নীয়। অদ্ভুদ এক মাায়া ঘিরে ধরেছে আমাকে। দায়িত্ব পালনের ফাঁকে কখন যে ওদের সাথে মিলেমিশে একাকার হয়ে গিয়েছি বুঝতেই পারিনি। ঘরের কাজ সুষ্ঠুভাবে সুসম্পন্ন হওয়ায় মহান আল্লাহর শুকরিয়া আদায় করছি। আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি মান্যবর জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার স্যারের প্রতি যার নেতৃত্বে গৃহ নির্মাণ কাজ শেষ করতে পেরেছি। অসংখ্য ধন্যবাদ জানাই আমার টিমের সকল সদস্যকে যাদের অপার শ্রম আর আন্তরিকতার মধ্য দিয়ে শেষ হলে গৃহ নির্মাণ কাজ।

উপকারভোগীগণ অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি। এখন সরকারী নির্দেশনা অনুযায়ী উপকারভোগীবৃন্দের মাঝে আনুষ্ঠানিকভাবে গৃহ হস্তান্তরের মহেন্দ্রক্ষণের প্রতীক্ষায়।

গাংনীর রামদেবপুরে রাস্তা এইচবিবি করণে অনিয়ম

আকতারুজ্জামান,গাংনী

গাংনীর রামদেবপুরে রাস্তা এইচবিবি করণে নিম্ন মানের ইট ও বালি ব্যবহারের অভিযোগ উঠেছে। দু’লাখ টাকা ব্যয়ে ৬২.৭০৭ মিটার রাস্তাটির এইচবিবি করণ কাজের প্রকল্প চেয়ারম্যান হিসেবে রয়েছেন তেতুঁলবাড়িয়া ইউপি মেম্বর রফিক। তিনি বলেছেন, রাস্তাটি সঠিকভাবেই নির্মিত হচ্ছে।
ইউপি সুত্রে জানা গেছে, রামদেবপুরের সেলিমের বাড়ি হতে কালিদহ মুখি ৩২.২০৭ মিটার ও ফিল্ড পাড়ার আলতাফের বাড়ি হতে আজিজুলের বাড়ি পর্যন্ত ৩০.৫০০ মিটার রাস্তা এইচবিবি করণে ব্যয় ধরা হয় দু’লাখ টাকা।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, রাস্তাটিতে যে ইট ব্যবহার করা হয়েছে তা দুই ও তিন নম্বর। এইচবিবির উপর বালি দেয়া হয়নি। যৎসামান্য বালি

ছিটানো হয়েছে। ইটের গাথুনী দেয়া হয়েছে ফাঁকা করে। স্বল্প পরিমাণ ইট দিয়ে কাজটি সম্পন্ন করা হয়েছে। রাস্তার দুপাশে মাটি ভরাট করা হয়নি।
নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় কয়েক জন জানান, রফিক মেম্বর আর চেয়ারম্যান জাহাঙ্গীর আলম দুজনই যোগ সাজসে নিম্নমানের কাজ করে বিল উত্তোলন করে ভাগাভাগি করেন। ইউনিয়নের অধিকাংশ রাস্তা এইচবিবি করণে অনিয়ম করা হয়েছে।

এ ব্যাপারে প্রকল্প চেয়ারম্যান রফিক মেম্বর জানান, কোন অনিয়ম করা হয়নি। এক নম্বর ইট ব্যবহার করা হয়েছে। বালি আর রাস্তার সাইডে মাটি দেয়ার দরকার আছে বলে মনে হয় না। এইচবিবি করণে ফাঁকা করে ইটের গাথুনী দেয়ার ব্যাপারে তিনি বলেন, কাজ কি সব সমান ভাবে হয়? এক আধটু এদিক ওদিক হয়েছে।

ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম জানান, কোন অনিয়ম হয়নি। আমি নিজে দাঁড়িয়ে থেকে রাস্তা নির্মাণ করেছি। ইট এক নম্বর দেয়া হয়েছে। তবে দু একটা ইট একটু নরমাল হতে পারে।

ঝিনাইদহে মাইক্রোবাস চাপায় রংমিস্ত্রী নিহত

ঝিনাইদহ শহরের কবি সুকান্ত সড়কে মাইক্রোবাসের চাপায় মিলন উদ্দিন
(৩৬) নামের এক রংমিস্ত্রী নিহত হয়েছেন।

বুধবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিলন উদ্দিন শহরের ব্যাপারীপাড়ার আব্বাস উদ্দিন সড়কের মৃত বদর উদ্দিন খাঁ’র ছেলে।

প্রত্যক্ষদর্শী ইরান মন্ডল জানান, বিকেলে মিলন স্টেডিয়ামের পাশে রংয়ের কাজ করে টাকা নেওয়ার জন্য বসে ছিলেন। এসময় আদর্শপাড়া থেকে শহরের এইচএসএস সড়কের দিকে যাওয়া একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সীমানা প্রচীরের সাথে মিলনকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই নিহত হন। এ ঘটনার পর উত্তেজিত জনতা গাড়িটি ভাংচুর

করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, মাইক্রোবাসটি আটক করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছে। এ ঘটনায় থানায় অপমৃত্যু মামলা হয়েছে। লাশ উদ্ধার করে সদর হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

দামুড়হুদায় গরীব ও দুস্থ মহিলাদের স্বাবলম্বী করতে সেলাই মেশিন বিতরণ

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রাপ্ত গরীব ও দুস্থ মহিলাদেরকে স্বাবলম্বী করার জন্য সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

জানা গেছে, বুধবার বেলা ১২ টার দিকে উপজেলা পরিষদের আয়োজনে সভাকক্ষে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার ৩৬ জন গরীব অসহায় ও দুস্থদের মাঝে এ সামগ্রী বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ হোসেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, জুরানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ্ এনামুল কবির ইনু, নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন, পারকেষ্টপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাকারিয়া আলম, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নিজাম উদ্দিন (ভারপ্রাপ্ত) প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হাজী আলী আজগার টগর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসার পর নারীরা আজ অনেক এগিয়ে।

মেহেরপুরে আরও ০৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

তাদের মধ্যে দুজন মেহেরপুর সদরের অপর একজন মুজিবনগরের বাসিন্দা। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৯২৪ জনে। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১৫৪ জন।

বুধবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ২৮ টি রিপোটের মধ্যে ০৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬৯৪ টি। নমুনা পাঠানো হয়েছে ১৭ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ২৬ জন। এর মধ্যে সদরে-১৫, গাংনীতে- ০৬, মুজিবনগরে- ০৫ জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ২০ জনের। সুস্থ হয়েছেন ৮০৯ জন। অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৬৭ জনকে।

ভিন্ন ভাবে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর সদরের মনোহরপুরের ময়না খাতুন (৩৮), স্টেডিয়াম পাড়ার ফিরোজ বিশ্বাস (৩৫), অপর জন হলেন মুজিবনগর উপজেলা ভবরপাড়ার আবু তালেব (৫৬)।

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলায় ভাসমান দুস্থ গরিব ও অসহায়দের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হচ্ছে তারই ধারাবাহিকতায় আজকের চুয়াডাঙ্গা সেলুনে কর্মরত কর্মচারী দিনমজুর চর্মকার এবং দুস্থ শিল্পীদের মাঝে প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী বিতরণ করা হয়।

বুধবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কার্যালয় এই কার্যক্রমের প্রধান অতিথি হিসেবে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার সেলুনে কর্মরত কর্মচারী চর্মকার এবং দুস্থ শিল্পীদের এই উপহার সামগ্রী মানবিক সহায়তা তুলে দেন।

এসময় প্রত্যেককে দশ কেজি চাল, দুই কেজি আলু, এক কেজি পেঁয়াজ, এক কেজি মসুরের ডাল, এক লিটার সয়াবিন তেল, এক কেজি চিনি, এক প্যাকেট সেমাই মানবিক সহায়তা হিসেবে প্রদান করা হয়।

মানবিক সহায়তা বিতরণকালে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী ধারাবাহিক ভাবে চুয়াডাঙ্গা জেলার দুস্থ গরিব অসহায় ও ভাসমান মানুষের মাঝে বিতরণ কার্যক্রম চলমান থাকবে।

তিনি আরো বলেন, মহামারী করোনাভাইরাস এর কারণে লকডাউনে মানুষের বেঁচে থাকার সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী মানবিক সহায়তা পাঠিয়েছেন আপনাদের মাঝে সেগুলো বিতরণ করা হচ্ছে। আপনাদের করানো ভাইরাসের সংক্রমণ রোধে সচেতন থাকতে হবে স্বাস্থ্যবিধি মানতে হবে। এসময় ১৫০ পরিবারের মাঝে এই প্রধানমন্ত্রীর উপর সামগ্রী বিতরণ করা হয়।

মানবিক সহায়তা বিতরণকালে আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সাজিয়া আফরিন, নেজারত ডেপুটি কালেক্টর আমজাদ হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার হাবিবুর রহমান, সাদাত হোসেন সহ উপকারভোগী পরিবারের লোকজন।

ঝিনাইদহে হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

ঝিনাইদহে ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া উপহার বিতরণ করা হয়েছে। বুধবার সকালে সদর উপজেলার মধুহাটি ও গান্না ইউনিয়নে এ উপহার বিতরণ করা হয়। এ উপলক্ষে সকালে ইউনিয়ন পরিষদ চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

মধুহাটি ইউনিয়ন চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভায় ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন জুয়েল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন।

অপরদিকে গান্না ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিতা।

সেখানেও আরও উপস্থিত ছিলেন, সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন।

আলোচনা সভা শেষে, ২ ইউনিয়নের ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার ৫’শ টাকা করে বিতরণ করা হয়। করোনাকালে প্রধানমন্ত্রীর দেওয়া এ উপহার পেয়ে খুশি হতদরিদ্ররা।

মেহেরপুর আউট অব স্কুল চিলড্রেন কর্মসুচীর উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

আউট অব স্কুল চিলড্রেন কর্মসুচী এর মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে এক অবহিতকরণ কর্মশালা গতকাল বুধবার বেলা ১১ টার দিকে জুম এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

জেলা উপানুষ্ঠানিক ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদুল আলম এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট মোঃ ইয়ারুল ইসলাম।

স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অতিথি হিসেবে বক্তব্য রাখে মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক ব্যুরোর সহকারি পরিচালক মোঃ কবির আহম্মেদ মোল্লা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, উপজেলা শিক্ষা অফিসার মোঃ আপিল উদ্দীন।

কর্মশালায় উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা, সাংবাদিক ও জনপ্রতিনিধি সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক মন্ডলী অংশগ্রহণ করেন কর্মশালায় আউট অব স্কুল চিলড্রেন কর্মসুচীর বাস্তবায়ন নির্দেশিকা, জরিপ, তথ্য কালেকশন, শিক্ষক নির্বাচন, কেন্দ্র স্থাপন, বাস্তবায়ন পক্রিয়া সহ কর্মসুচীর বিভিন্ন উল্লেখযোগ্য দিন উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ।

কৃষকের ধান কেটে দিলো মেহেরপুর জেলা যুবলীগ

করোনাভাইরাস মহামারীর কারণে লকডাউনে অর্থ ও শ্রমিক সংকটের কারণে জমির পাকা ধান কাটতে পারছিলেন না মেহেরপুর পৌর এলাকার কায়েম কাটা মোড় এলাকার কৃষক আসকার আলী। ক্ষেতেই ধান নষ্ট হওয়ার উপক্রম হচ্ছিল। এ সময় মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর কাছে সহযোগিতা চাইলে জেলা পর্যায়ের নেতাকর্মী নিয়ে সেখানে ছুটে যান।

বুধবার দুপুরের দিকে জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন নেতৃত্বে কৃষক আসকার আলীর পৌনে দুই বিঘা জমির ধান কেটে দেন যুবলীগের নেতা কর্মীরা।

এ সময় মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, বাংলাদেশে কৃষিবান্ধব দেশ এই করোনা ভাইরাসের কারণে অনেক কৃষক আছে যারা ধান কেটে ঘরে তুলবে সে ক্ষমতাও নেই তাই প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান এবং সাধারণ সম্পাদকের আহব্বানে আমরা মেহেরপুর জেলা যুবলীগ মানবতার সেবাই কাজ করে যাচ্ছি।

তিনি আরও বলেন, আমরা মেহেরপুর সদর উপজেলার মুজিব নগর এবং গাংনী উপজেলার প্রতিটা ইউনিয়নে আমরা নির্দেশ দিয়েছি যদি কোনো কৃষকের ধান কাটা নিয়ে কোনো সমস্যা হয় তাহলে বিনা খরচে ধান গুলো কেটে দেওয়ার জন্য।

এসময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জেলা যুবলীগের অন্যতম সদস্য সাজেদুর রহমান সাজু, হিরক, শাজাহান সহ যুবলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।